Ex/CBCS/BNG/PG/3·3/2024

# স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৩

## বাংলা নাটক

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।*

১. 'সধবার একাদশী' নাটকে দীববন্ধু মিত্র নিমচাঁদ চরিত্র নির্মাণে যে দক্ষতার পরিচয় দিয়েছেন তা সংক্ষেপে আলোচনা করো। ১০

**অথবা**

২. 'অলীকবাবু' প্রহসনে হাস্যরসের ব্যবহার বিষয়ে সংক্ষেপে আলোচনা কর। ১০

৩. 'সমগ্র পালাটি নন্দিনী বলে একটি মানবীর ছবি'। - এই বাক্যে 'পালা' শব্দটি থাকলেও 'রক্তকরবী' ঠিক পালানাটক নয়, বরং এতে আধুনিক য়ুরোপীয় নাট্যের আদল আছে। আলোচনা করো। ১০

**অথবা**

৪. রবীন্দ্রনাটকে গান প্রয়োগের প্রবণতা মাথায় রেখে 'রক্তকরবী' নাটকে গানের ব্যবহারের বিশেষত্ব বুঝিয়ে দাও। ১০





৫. 'চাঁদ বণিকের পালা' নাটক প্রসঙ্গে শম্ভু মিত্র বলেছিলেন রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর 'একটা tussle আছে'। এই মন্তব্যের সূত্রে শঙ্খ ঘোষ বলেন শেষ পর্যন্ত এই নাটকে 'যথার্থ সেই tussle রইল না'। এই বিষয়ে তোমার মত কী? ১০

**অথবা**

৬. 'চাঁদ বণিকের পালা' নাটকটিকে 'পালা'-র আঙ্গিকে বাঁধবার কোনো বিশেষ সার্থকতা আছে বলে তোমার মনে হয়? ১০

৭. 'টিনের তলোয়ার' নাটকের পরিণতি নাটকের ভেতরের যুক্তি অনুযায়ী আসেনি, প্রতিবাদের ও ইতিবাচক সম্ভাবনার দিকে যাওয়ার লক্ষ্যে তা জোর করে চাপিয়ে দেওয়া, ইচ্ছাপূরণের সহজ মনোরঞ্জনী কৌশল। মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও। ১০

**অথবা**

৮. 'টিনের তলোয়ার' নাটকে ময়নার শঙ্করীতে রূপান্তর নাটকে কীভাবে তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে তা তোমার মন্তব্যসহ বুঝিয়ে দাও। ১০

★★★